Government of Tripura
**Michael MadhusudanDutta College**
Sabroom, South Tripura
Tripura – 799145
Ph. 91-3823-270227
Mail id.mmdcollege@gmail.com

**Annual Gender Sensitization Action Plan**

- Conduction of different events such awareness, sensitization program, etc. as for gender sensitization at the institute and other with stakeholders.
- Transmission of gender equity through various contests with an ambition to develop knowledge on gender discernment and it successive blow on society, community, nation and civilization as a whole.
- Safety and Security: The campus of the college is surrounded by a boundary wall with a security guard at the gate to keep check on any nuisance from happening during college hours. The college premises is adequately lighted-reserved to sheltered the free locomotion female students. Washrooms and toilets are provided for female students and teachers. The Women cell also maintains a gender friendly working-place for female students and women working staffs at the college.
- Counselling: The College has a cell such as ‘Women Cell’ and ‘Grievance Redressal Cell’ allowing apparent communications of women irrespective of her semester and social background. Apart from the spoken above cell, there is a ‘Cell for Prevention of Sexual Harassment’ and more to look after the foresaid group. Nonetheless, the college has not witnessed any of such issue during the foresaid period. Above all, Women related awareness and programs are regularly held in the college (both IQAC & NSS Unit)
- Common Rooms: Independent Common Room cannot be provided for women on account of infrastructural deficiency.
- Day Care Centre for young children: On account of non-availability of fund, the Centre has been discontinued.

**Separate Toilet Facility for Female students & Teachers**




TOILET
FACULTY-LADIES
GPS Map Camera
Sabroom, Tripura, India
2PF5+6MG, Sabroom, Paschim Jalefa, Tripura 799145, India
Lat 23.023234°
Long 91.708856°
17/01/24 11:01 AM GMT +05:30
Google


TOILET
FACULTY-GENTS
GPS Map Camera
Sabroom, Tripura, India
2PF5+6MG, Sabroom, Paschim Jalefa, Tripura 799145, India
Lat 23.023234°
Long 91.708856°
17/01/24 11:01 AM GMT +05:30
Google




***Other Information are as below**

**Observation of Health Camp at Sabroom Hospital**









# সাব্রুম কলেজের উদ্যোগে স্বাস্থ্য শিবির




**দর্পণ প্রতিনিধি, সাব্রুম, ২৪ জানুয়ারি।।** বুধবার সাব্রুম মাইকেল মধুসূদন দত্ত কলেজের জাতীয় সেবা প্রকল্প এবং সাব্রুম মহকুমা হাসপাতালের যৌথ উদ্যোগে পূর্ব জলেফা গ্রাম পঞ্চায়েতে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রথমে গ্রাম পঞ্চায়েত হল ঘরে উপস্থিত ছিলেন অনুপম দাস, বি ডি ও, সাতচাঁদ ব্লক, ডা. সৌমিক হাজরা, মেডিকেল অফিসার, এম ও এস টি সেন্টার, এম ডি এইচ সাব্রুম, শান্তি ত্রিপুরা, পঞ্চায়েত সমিতি সদস্য এবং গৌতম ত্রিপুরা, পূর্ব জলেফা গ্রাম প্রধান এবং অনান্যা অতিথিবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজ অধ্যক্ষ ড. অনুপম গুহ। অতিথিরা প্রত্যেকে স্বাস্থ্য শিবিরের গুরুত্ব ও তার সঠিক সুযোগ নেওয়ার আবেদন করেন। অধ্যক্ষ ড. অনুপম গুহ কথা বলতে গিয়ে বলেন কলেজের উদ্যোগে এই প্রয়াস জারি থাকবে। তিনি বলেন এই ধরনের অনুষ্ঠানের পাশাপাশি জাতীয় সেবা প্রকল্পের উদ্যোগে 'মাশরুম চাষ প্রশিক্ষণ' নিয়েও বিভিন্ন কর্মসূচির উদ্যোগ নেওয়া হচ্ছে। অনুষ্ঠানে সকলকে ধন্যবাদ জানান জাতীয় সেবা প্রকল্প কলেজ কো-অর্ডিনেটর অরূপ পাঠারি। এই স্বাস্থ্য শিবিরের দ্বিতীয় পর্বে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও ঔষধ বিতরণ করা হয়। একশ পঞ্চাশ জন গ্রামবাসী এতে অংশগ্রহণ করেন। এদের সুগার টেস্ট, হিমোগ্লোবিন টেস্ট সহ বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করা হয়। অনুষ্ঠানের শেষে সকলের মধ্যে মিষ্টি ও ফল বিতরণ করা হয়।

**Awareness on PoshanMaah**









# এমএম ডি কলেজে রাষ্ট্রীয় পুষ্টি মাস




**দর্পণ প্রতিনিধি, সাব্রুম, ১২ সেপ্টেম্বর** ঃ মাইকেল মধুসূদন দত্ত কলেজ এবং কলেজের অভ্যন্তরীণ গুণমান নিশ্চিতকরণ সেলের যৌথ উদ্যোগে রাষ্ট্রীয় পুষ্টি মাস উদ্‌যাপন হয় কলেজের হল ঘরে। থিম: সুপোষিত ভারত, স্বাক্ষর ভারত, সশক্ত ভারত। গাছে জল সিঞ্চনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন অনুষ্ঠানের উদ্বোধক তথা সাব্রুম মহকুমা শাসক বিধান চন্দ্র রায়, অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সম্মানিত অতিথি ডা. সৌমিক হাজরা, মেডিকেল অফিসার এসওএসটি সেন্টার, এসডিএইচ সাব্রুম, বিশিষ্ট সমাজসেবী তথা সাব্রুম নগর পঞ্চায়েত প্রাক্তন চেয়ারম্যান, শান্তিপ্রিয় ভৌমিক। কলেজ ছাত্রছাত্রীরা ফলসামগ্রী উপহার দিয়ে অতিথিদের বরণ করে নেয় এবং সমবেত উদ্বোধনী সংগীত পরিবেশন করে।

Awareness on HIV/AIDS








দর্পণে ত্রিপুরা

# সাব্রুম কলেজে বিশ্ব এইডস দিবস



**দর্পণ প্রতিনিধি, সাব্রুম.১ ডিসেম্বর।।** মাইকেল মধুসূদন দত্ত কলেজ, সাব্রুম, দক্ষিণ ত্রিপুরার "রেড রিবন ক্লাব" এনএসএস ইউনিটের উদ্যোগে, ত্রিপুরার এইডস নিয়ন্ত্রণ সোসাইটি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সহায়তায় আজ বিশ্ব এইডস দিসস উপলক্ষে মানব বন্ধন গঠন এবং কলেজ ও তার সংলগ্ন এলাকায় এক সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচির প্রথমভাগ অনুষ্ঠিত হয় কলেজের মধ্যে। বৃক্ষরোপণের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন সম্মানিত অতিথি সাব্রুম নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন দীপক দাস। কলেজের অধ্যক্ষ ড. অনুপম গুহ ছাত্রছাত্রীদের উদ্দেশে বলেন ১৯৮৮ সাল থেকে প্রত্যেক বছর ১ ডিসেম্বর দিনটি বিশ্ব এইডস দিবস হিসাবে পালিত হচ্ছে। এইচ আই ভি সংক্রমণের জন্য এইডস মহামারী ছড়িয়ে পড়ার বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধি করতে এই দিনটি বেছে নেওয়া হয়েছে। পাশাপাশি যে সমস্ত ব্যক্তিরা এইচআইভি বা হিউম্যান ইমিউনোডেফিসিয়েন্সি ভাইরাসের সঙ্গে মোকাবেলা করেছেন তাদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়াও এই দিবস পালনের অন্যতম উদ্দেশ্য। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কলেজ এনএসএস প্রোগ্রাম অফিসার অরুপ পাঠারি, দীপক দাস প্রমুখ। পরবর্তী পর্যায়ে কলেজ ছাত্রছাত্রীরা এইডস থিম: "লেট কমিউনিটিস লিভ" বা 'সম্প্রদায়গুলিকে নেতৃত্ব দিতে দিন' এবিষয় বস্তু নিয়েও আলোচনা করে। ছাত্রছাত্রীরা সচেতনতা বৃদ্ধিতে কলেজ ও পার্শ্ববর্তী এলাকায় পোস্টার বিলি করে এবং রোগ প্রতিরোধ নিয়ে আলোচনা করে।

**Awareness on Early Marriage**

# AWARENESS PROGRAMME
# ON
# "EARLY MARRIAGE"

***Organized by***
***Women Cell***
***&***
***National Service Scheme(NSS) Unit,***
**Michael Madhusudan Dutta College,**
**Sabroom,**
**South Tripura**

**Venue: Girls' H. S. School, Sabroom**

**Time: 2:30 PM** **Date: 26-09-2024**





# সাব্রুম কলেজের উদ্যোগে সচেতনতামূলক কর্মসূচি




**দর্পণ প্রতিনিধি, সাব্রুম, ২৬ সেপ্টেমম্বর:** সাব্রুম মাইকেল মধুসূদন দত্ত কলেজের জাতীয় সেবা প্রকল্প (এনএসএস) এবং ওমেন্স সেলের যৌথ উদ্যোগে পিএমশ্রী সাব্রুম উচ্চতর বালিকা বিদ্যালয়ে বাল্যবিবাহ রোধে এক সচেতনতামূলক কর্মসুচির আয়োজন করা হয়। বাল্যবিবাহ হল মানবাধিকার লঙ্ঘন এবং এই প্রথা বন্ধ করতে ঐক্যবদ্ধ হতে হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ অনুযায়ী, বাল্যবিবাহ রোধের প্রধান উপায় হল নারীদের শিক্ষা অর্জন, বিবাহের ন্যূনতম বয়স সংক্রান্ত আইনের সঠিক কার্যকরণ এবং অভিভাবকদের বাল্যবিবাহের ঝুঁকি সম্পর্কে অবগত করা। মেয়েদের উপর বাল্যবিবাহের প্রভাব দীর্ঘমেয়াদী, বিশেষত স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক উন্নয়নের প্রেক্ষিতে। বর্তমান বিশ্বে ১৫-১৯ বছর বয়সি নারীর মৃত্যুর প্রধান কারণ গর্ভধারণ ও সন্তান প্রসব। ভুগতে হয় রক্তাল্পতা ও অপুষ্টিতে। বিশ্বব্যাপী শহরাঞ্চলের মেয়েদের তুলনায় গ্রামাঞ্চলের মেয়েদের বাল্যবিবাহের প্রবণতা প্রায় দ্বিগুণ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজ এনএসএস ইউনিটের সহযোগী প্রোগ্রাম অফিসার ড. প্রবীর ভৌমিক, ওমেন্স সেলের সদস্যা ড. উমা বেগম, ড. মহুয়া চৌধুরীসহ কলেজের অন্যান্য অধ্যাপক-অধ্যাপিকাসহ স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রীরা। সভাপতিত্ব করেন স্কুলের সহকারী প্রধান শিক্ষক রঞ্জন দেবনাথ। অনুষ্ঠানে প্রত্যেকে সমাজ গঠনে নারীদের ভূমিকা ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন এবং বলেন আইনত বিয়ের ন্যূনতম বয়স ১৮ বছর, বিশেষত মেয়েদের ক্ষেত্রে। বাল্যবিবাহের কারণগুলির মধ্যে রয়েছে দারিদ্রতা, ধর্মীয় ও সামাজিক চাপ, অঞ্চল ভিত্তিক রীতি, অবিবাহিত থাকার শঙ্কা, নিরক্ষরতা, নিজেদের দুর্বল ভাবা, তাছাড়া উপার্জনে অক্ষম ভাবা। তাই সময় এসেছে সচেতন হওয়ার এবং সঠিক শিক্ষায় শিক্ষিত হয়ে নারীপুরুষ সমান ভাবে এগিয়ে যাওয়ার। অনুষ্ঠানে বাল্যবিবাহ রোধে বিভিন্ন আইনি তথ্যও তুলে ধরা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছাত্রীদের সঠিক তথ্য জানার আগ্রহ ছিল লক্ষণীয়।

# Legal Awareness




## সাব্রুম কলেজে আইনি সচেতনতা কর্মসূচী





**পাঠক সংবাদ, আগরতলা, ২০ জুন** ঃ আজ সাব্রুম মাইকেল মধুসূদন দত্ত কলেজের উদ্যোগে সাব্রুম মহকুমা উপ-বিভাগীয় আইনি সেবা কমিটির সহযোগিতায় এক আইনি সচেতনতা কর্মসূচী আনুষ্ঠিত হয় কলেজ হল ঘরে। অতিথি বরণ, সবুজ গাছে জল সিঞ্চন এবং উদ্বোধনী সংগীতের মধ্যদিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। আজকের আনুষ্ঠানের মূল বিষয় ছিল 'হিট এন্ড রান মোটর দুর্ঘটনা প্রকল্পের শিকারদের ক্ষতিপূরণ'। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজ অধ্যক্ষ ড.অনুপম গুহ। অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এনআর রাকেশ দাস, সাব্রুম মহকুমা মেজিস্ট্রেট, রূপশ্রী দেব, সদস্য সচিব, উপ-বিভাগীয় আইনি সেবা কমিটি তথা মহকুমা মেজিস্ট্রেট, সাব্রুম, তাছাড়া আইনজীবী, রাধিকারঞ্জন বসাক, সাব্রুম বার সমিতি এবং কলেজের অধ্যাপক অধ্যাপক-অধ্যাপিকা ছাত্র-ছাত্রীবৃন্দ। সড়ক দুর্ঘটনায় যেখানে মোটর গাড়ির হদিস পাওয়া যায়নি কিন্তু কোন ব্যক্তির মৃত্যু বা আঘাতের কারন হয় তা হিট এন্ড রান মোটর দুর্ঘটনা, মোটর দুর্ঘটনা ক্ষতিপূরণ স্কিম ২০২২ অনুযায়ী দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দেওয়া হয়। কিভাবে ক্ষতিপূরণ দাবি করতে হবে, তার জন্য কি কি ব্যবস্থা আছে, বিভিন্ন আইনি পথ নিয়ে বিশদ আলোচনা হয়। বর্তমানে ১লা এপ্রিল ২০২২ থেকে সংশোধিত আইনে হিট এন্ড রান মোটর দুর্ঘটনায় মৃত্যুর জন্য ২,০০,০০০টাকা এবং গুরুতর আঘাতের জন্য ৫০,০০০টাকা ক্ষতিপূরণের ব্যবস্থা আছে যার জন্য সঠিক ধারণার প্রয়োজন। অনুষ্ঠানে অতিথিরা প্রত্যেকেই মোটর যান বিল সম্পর্কিত বিভিন্ন তথ্য ছাত্র-ছাত্রীদের অবগত এবং সচেতন হওয়ার আহ্বান করেন। সুইটি দেবনাথ, দ্বিতীয় সেমিষ্টারের ছাত্রী আনুষ্ঠানে সংক্ষিপ্ত আলোচনা করে। অধ্যক্ষ ড.অনুপম গুহ ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বলেন দুর্ঘটনা জনিত অপরাধের ব্যাপক বৃদ্ধির তুলনায় খুব কম ভুক্তভোগীই মোটর যান আইনের আধীনে ক্ষতিপূরণ প্রকল্পের সুবিধা পায়, এর কারণ সচেতনতার অভাব, তিনি সচেতন হওয়ার ও সকলকে সচেতন করার আবেদন জানান। অনুষ্ঠানে স্বাগত ও ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন অধ্যাপক ড. কমল আচার্য ও ড. দীপঙ্কর দেব। সমবেত জাতীয় সঙ্গীতের মধ্যদিয়ে আনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

# MMD College

*Contd from Page 8*

Debnath, a second-semester student, delivered a short yet impactful speech, reinforcing the importance of legal literacy among youth. The event also saw contributions from Prof. Dr. Kamal Acharya and Dr. Dipankar Deb, who delivered the welcome and vote of thanks speeches, respectively.

The program concluded with the national anthem, leaving attendees with a renewed sense of legal awareness and community responsibility.

## Skill Development Program

# One Day

# Workshop cum Training Programme on Sericulture



*Organized by*

**Michael Madhusudan Dutta College, Sabroom, South Tripura**

*In association with*

**Sericulture Extension Centre, Jalefa, Sabroom**
**under**
**Handloom, Handicrafts & Sericulture Deptt.**
**Government of Tripura**

***VENUE: Teachers' Conference Hall***

**Time: 12:00 NOON** **Date: 30 -04 -2024**

# সাব্রুম কলেজে রেশম শিল্প বিষয়ক কর্মশালা





**বার্তা প্রতিনিধি, আগরতলা, ৩০ এপ্রিল ঃ** আজ সাব্রুম মাইকেল মধুসূদন দত্ত কলেজ এবং হস্ততাঁত , হস্তকারু এবং রেশম শিল্প দপ্তরের রেশম শিল্প সম্প্রসারণ কেন্দ্র, জলেফা, সাতচাঁদ আর ডি ব্লক, ত্রিপুরা সরকার, সাব্রুমের যৌথ উদ্যোগে রেশম শিল্প বিষয়ক একদিবসীয় কর্মশালা কলেজ হলঘরে অনুষ্ঠিত হয় ছাত্রছাত্রী ও অধ্যাপক -অধ্যাপিকার উপস্থিতিতে। রেশম এক ধরনের প্রাকৃতিক প্রোটিন তন্তু, যার কয়েকটি ধরন বস্ত্রশিল্প বয়নের কাজে ব্যবহার করা হয়। রেশমের সর্বাধিক পরিচিত ধরন বোমবিক্স মোরি বা তুঁত রেশম নামের রেশম পোকার লার্ভার গুটি থেকে সংগ্রহ করা হয়। খ্রিষ্ট জন্মের প্রায় ২০০০ বছর আগে চীনে সর্বপ্রথম রেশম চাষ শুরু হয়েছিল, ধীরে ধীরে বিশ্বের বিভিন্ন উন্নয়নশীল দেশে তা শুরু হয়। আজকের কর্মশালায় পৌরহিত্য করেন কলেজ অধ্যক্ষ ড.অনুপম গুহ। এছাড়া উপস্থিত ছিলেন বিলোনীয়া রেশম চাষ ক্লাস্টার, ডেভেলপমেন্ট অফিসার শ্রী অজিত পাটারি এবং শ্রী তাপস ত্রিপুরা , সহকারী প্রদর্শক, জলেফা রেশম শিল্প সম্প্রসারণ কেন্দ্র। শ্রী পাটারি রেশম চাষ পদ্ধতি ও ভবিষ্যৎ গুরুত্ব নিয়ে বিশদ আলোচনা করেন। তিনি বলেন সেরিকালচার বা রেশম চাষ একটি কৃষিভিত্তিক লাভজনক ব্যবসা। শ্রী ত্রিপুরা হাতে-কলমে উপস্থিত ছাত্রছাত্রীদের সামনে রেশম চাষের জন্য করণীয় বিষয়বস্তু তুলে ধরেন এবং চাষে মনোনিবেশ করার আবেদন করেন। অধ্যক্ষ ড.অনুপম গুহ বলেন রেশম চাষ বিশাল কর্মসংস্থান সৃষ্টি করতে পারে এবং গ্রামীণ অর্থনৈতিক পুনর্গঠনে একটি হাতিয়ার হিসেবে ব্যবহার করার আবেদন করেন। তিনি বলেন আমাদের কলেজে পড়াশুনার পাশাপাশি মাশরুম চাষ, আগর ভিত্তিক বনজ সম্পদ , ভার্মিকম্পোস্টিং ইত্যাদি বিষয়েও বিভিন্ন কর্মশালার আয়োজন প্রতিনিয়ত করা হচ্ছে যা উপস্থিত তরুণ প্রজন্মকে উৎসাহিত করবে বলে তিনি আশা ব্যক্ত করেন। কর্মশালার স্বাগত ভাষন ও ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন অধ্যাপক ড. দীপঙ্কর দেব ও অধ্যাপক শ্রী অরূপ পাটারি। কর্মশালার ছাত্রছাত্রীদের মধ্যে উৎসাহ ও উপস্থিতি ছিল লক্ষনীয়। সমবেত জাতীয় সংগীতের মধ্যদিয়ে কর্মশালার সমাপ্তি ঘটে।



Estd. - 1987
विद्यया अमृतमश्नुते

# NSS Programs




Ajker Nalish, Agartala, 10 September 2024, Tuesday, P/4



# সাব্রুম কলেজ সচেতনতামূলক কর্মসূচি

নালিশ প্রতিনিধি, সাব্রুম, ১০ সেপ্টেম্বর।। মাইকেল মধুসুদন দত্ত কলেজের জাতীয় সেবা প্রকল্প(এনএসএস) উদ্যোগে , ত্রিপুরা এইডসকন্টোল সোসাইটি, স্বাস্য ও পরিবার কল্যাণ দপ্তরের সহায়তায় আন্তর্জাতিক যুব দিবস পালনের মধ্যদিয়ে আজ কলেজ হল ঘরে ইনটেন্সিফাইড ইনফরমেশন এডুকেশন এন্ড কমিউনিকেশন (আইইসি)-এর রাজ্যব্যাপী প্রচারাভিযানের অঙ্গ হিসেবে এইচআইভি-এইডসনিয়ে এক সচেতনতামুলক কর্মসুচির আয়োজন করা হয়। অনুষ্ঠানের উপস্থিত ছিলেন কলেজ অধ্যক্ষ ড.অনুপম গুহ, ভিএসডিওটিআই,হরিনা, সাব্রুমের একটি এনজিও সংস্থার শ্রী সঞ্জীব চৌধুরী, শ্রী সুকান্ত চৌধুরীসহ অন্যান্যরা, অধ্যাপক-অধ্যাপিকাসহ ছাত্র-ছাত্রীরা। যুব সম্প্রদায়ই উন্নতির সোপান, এদের সম্মিলিত প্রয়াস সমাজকে তথা দেশেকে সঠিক দিশা দেখাতে পারে যদিনা এদের সঠিক শিক্ষায় শিক্ষিত করা যায়। তার জন্য দায়িত্ব নিতে হবে, অভিমত ব্যাক্ত করেন উপস্থিত অতিথিবৃন্দ। বর্তমান পরিস্থিতিতে এইচআইভি-এইডস সংক্রমন ভয়াবহ রূপ নিচ্ছে। বিশেষ করে মাদক সেবনের আসক্তি ও সম্প্রতি শিরায় মাদক ব্যবহারের উদ্বেগজনক বৃদ্ধির লক্ষ্য করা যাচ্ছে। অনুষ্ঠানে শ্রী চৌধুরীসহ সকলে তাদের দীর্ঘ অভিজ্ঞতার কথা তুলে ধরেন এবং উপস্থিত ছাত্রছাত্রীদের সচেতন হওয়ার আহ্বান করেন। অধ্যক্ষ ড.অনুপম গুহ বলেন বিভ্রান্ত না হয়ে সচেতনতা বাড়াতে হবে, সকলকে সচেতন হতে হবে। শ্রী সজল নাথ, প্রাক্তন ছাত্র বিগত বছরগুলিতে এইচআইভি-এইডস সংক্রমন কি ভয়াবহ, এনএসএস ইউনিটে তার কাজের অভিজ্ঞতার কথা তুলে ধরে, সকলকে এগিয়ে আসার অহ্বান করে। আনুষ্ঠানে ছাত্রছাত্রীদের মধ্যে এইডসসচেতনতা বিষয়ক পোস্টার ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়, বিজয়ীদের পুরস্কার ও সাটিফিকেট প্রদান করা হয়। পোস্টার প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয়ত ও তৃতীয়ত হয় যথাক্রমে: শিবম দেবনাথ, দেবী পাল ও সমিত আইচ অনুষ্ঠানে স্বাগত ও ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন অধ্যাপক অরূপ পাটারি ও ড. দীপঙ্কর দেব। ছাত্রছাত্রীদের উপস্থিতি ও অংশগ্রহণ ছিল লক্ষ্যনীয়।

# Observance of International Youth Day-2024

***As a part of***

**"Intensified IEC Campaign"**

*Organized by*

*National Service Scheme(NSS) Unit,*

Michael Madhusudan Dutta College, Sabroom,

South Tripura

**Supported by:**

**Tripura State AIDS Control Society,**
**Health & Family Welfare Department,**
**Government of Tripura**

**Venue: Teachers' conference Hall**

**Time: 11:00 AM** **Date: 10-09-2024**

# DIWALI WITH MY BHARAT

**Organized by NSS Unit**

**Michael Madhusudan Dutta College, Sabroom**

**In collaboration with**

**Bazar Committee, Sabroom, Tripura(S)**

**30-10-2024**




**Awareness activities to**

# "Fight against Drug Menace"

*Organized by*

*National Service Scheme(NSS) Unit,*

**Michael Madhusudan Dutta College, Sabroom, South Tripura**



**Venue: Sabroom Bazar**

**Time: 11:00 AM** **Date: 01-08-2024**

# সাব্রুম কলেজে মাদক বিরোধী সচেতনতা শিবির

**প্রতিবাদী কলম প্রতিনিধি, আগরতলা, ১৪ ডিসেম্বর।।** মাইকেল মধুসূদন দত্ত কলেজের জাতীয় সেবা প্রকল্প বা এনএসএস ইউনিট এবং ত্রিপুরা পুলিশের অপরাধ শাখার মাদক বিরোধী ইউনিট, সাব্রুম থানার যৌথ উদ্যোগে কলেজ হল ঘরে এক মাদক বিরোধী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কলেজ ছাত্রছাত্রী ছাড়াও কলেজের অধ্যাপক অধ্যাপিকারা উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন এমএমডি কলেজের অধ্যক্ষ ড. অনুপম গুহ। এছাড়া উপস্থিত ছিলেন সাব্রুম মহকুমা পুলিশ অফিসার এসডিপিও দুলাল চন্দ্র দত্ত এবং ডা. সৌমক হাজরা, মেডিক্যাল অফিসার, এসওএসটি সেন্টার, এমডি এইচ, সাব্রুম। ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে মহকুমা পুলিশ অফিসার শ্রী দত্ত বলেন, মাদক যুব সমাজকে ধ্বংস করে ফেলেছে, যারা আগামী দিনের দেশ ও জাতির সম্পদ। তিনি এ ব্যাপারে কলেজ ছাত্রছাত্রীদের সতর্ক হওয়ার আহ্বান করেন। ডা. হাজরা মাদক বিরোধী অভিযানে ত্রিপুরা স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন কর্মসূচির এবং তার পরিসংখ্যান তুলে ধরেন, পাশাপাশি যুবসমাজকে সমাজের সকল স্তরের মানুষের মধ্যে সচেতনতা তৈরীর এই বার্তা পৌঁছে দেওয়ার আবেদন করেন। কলেজের অধ্যক্ষ ড. গুহ ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলেন 'তোমরা ছাত্র-ছাত্রীরা আগামী প্রজন্মের পথ নির্দেশক, তোমাদের সচেতনতার পাশাপাশি এই সমাজকেও তোমাদের সচেতনতার দিশা দেখাতে হবে, তোমাদের নেশা মুক্ত পৃথিবী গড়তে হবে'। অনুষ্ঠানে অনান্যদের মধ্যে আলোচনা করেন অধ্যাপক অরূপ পাটারি ও ড. দীপঙ্কর দেব। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন অধ্যাপক অরুণ পাল। সমবেত জাতীয় সংগীতের মধ্যদিয়ে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।



# Awareness Programme against

## HIV-AIDS AND DRUG MENACE



*Organized by*

**Red Ribbon Club**

**&**

**NSS Unit**

**Michael Madhusudan Dutta College, Sabroom,SouthTripura**

**Date: 29th June' 2024**

**Time: 01:30 pm** **Venue: Teachers' Conference**

# Awareness prog on HIV/AIDS, drugs at Sabroom College

Times News

**Sabroom, June 29:** The Michael Madhusudan Dutt College Red Ribbon Club of Sabroom College jointly with the NSS in association of Tripura AIDS control Society and Health and Family Welfare department on Saturday organized an awareness programme on HIV/AIDS and prevention of drug abuse.

Students and faculties of the college participated in the awareness programme, while SDPO of Sabroom subdivision Nityananda Sarkar, Medical officer Dr. Soumik Hazra, NSS Program Officer Professor Arup Patri and others were present in the programme.

Medical officer Dr. Soumik Hazra highlighted the current situation of drug addicts and HIV-AIDS in Northeast India and Tripura. Multiple aspects including causes of disease, symptoms, various government facilities were discussed in the awareness programme, while SDPO Nityananda Sarkar presented various legal information to the present students against drug users and traffickers.

Principal Dr Anupam Guha said that apart from studies in the college, awareness programs, various training camps, blood donation camps are being held in the college. He called upon the students to come forward against various anti-social activities.